ডাকসু ভিপি সাদিক কায়েমের বাড়িতে পেট্রোলবোমা নিক্ষেপ



ডাকসু ভিপি সাদিক কায়েম। ছবি: সংগৃহীত

খাগড়াছড়িতে নিজের বাড়িতে পেট্রোলবোমা নিক্ষেপ ও কেরোসিন ঢেলে আগুন দেওয়ার চেষ্টা করা হয়েছে বলে অভিযোগ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সহসভাপতি (ভিপি) মো. আবু সাদিক কায়েম। ঘটনার সময় বাড়িতে তার মা-বাবা ছিলেন। তবে স্থানীয়দের তৎপরতায় আগুন ছড়িয়ে পড়ার আগেই তা নেভানো সম্ভব হয়।

রোববার (২২ নভেম্বর) রাতে নিজের ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে সাদিক কায়েম এ অভিযোগ করেন। পোস্টে তিনি জানান, রাত সাড়ে তিনটার দিকে তার বাড়িতে এ ঘটনা ঘটে। বাড়ির চারপাশে পেট্রোলবোমা নিক্ষেপের পাশাপাশি দরজার সামনে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেওয়ার চেষ্টা করা হয়। এতে পুরো বাড়িতে আগুন ছড়িয়ে দেওয়ার পরিকল্পনা ছিল বলে উল্লেখ করেন তিনি।

সাদিক কায়েমের দাবি, এলাকাবাসীর প্রচেষ্টায় আগুন ঘরের ভেতরে ছড়িয়ে পড়ার আগেই নিয়ন্ত্রণে আনা হয়। এতে তার মা-বাবা বড় ধরনের বিপদ থেকে রক্ষা পেয়েছেন।

ঘটনার জন্য কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের দায়ী করে পোস্টে ক্ষোভ প্রকাশ করেন ডাকসু ভিপি। তিনি লেখেন, হামলা, হুমকি ও ভয়ভীতি দেখিয়ে জুলাইপন্থি ছাত্র-জনতার আন্দোলন থামানো যাবে না। পেট্রোলবোমা ও অগ্নিসন্ত্রাসের মতো কর্মকাণ্ড চালিয়ে তাদের দমিয়ে রাখা সম্ভব হবে না বলেও মন্তব্য করেন তিনি।

পোস্টের শেষাংশে সাদিক কায়েম বলেন, বাংলাদেশে আওয়ামী লীগের রাজনীতি পুনর্বাসনের সুযোগ দেওয়া হবে না। এ ধরনের হামলা তাদের রাজনৈতিক অবস্থান থেকে সরাতে পারবে না বলেও জানান তিনি।